# সংস্থান পুস্তিকা (রিসোর্স গাইড) – সাধারণ

**CHA-র সাথে শুরু করুন!** পেশেন্ট রিসোর্স কোঅর্ডিনেটর্স (PRC) বা রোগীর সংস্থানসমূহ সমন্বয়কারীগণ একানে আপনাকে উষ্ণতা, বিদ্যুৎ, খাদ্য, বাসস্থান, পরিবহন পাওয়া এবং আরও অনেক কিছুতে সাহায্যের জন্য রয়েছেন। আপনার যদি প্রশ্ন থাকে বা কোন সাহায্যের দরকার হয়, তাহলে আপনার CHA প্রাথমিক পরিচর্যাকেন্দ্রে কল করুন এবং রোগীর সংস্থানসমূহ

## নিয়োগ সংক্রান্ত সহায়তা ও অন্যান্য সাহায্যমূলক পরিষেবাগুলির প্রয়োজন?

আপনার বাড়িতে আলো ও উষ্ণতার সরবরাহ বজায় রাখায় সাহায্যের জন্য আপনার PRC-র সঙ্গে দেখা করুন। আপনি যদি MassHealth, TANF, WIC, SSI, SNAP অথবা EAEDC-র জন্য যোগ্য হন, তাহলে আপনি আপনার উষ্ণতা/বিদ্যুতের জন্য হওয়া খরচ বাঁচাতে পারেন। দেখা করার সময় নির্ধারণের জন্য 617-349-6252 নম্বরে জ্বালানি সহায়তা কর্মসূচি -র সঙ্গে যোগাযোগ করুন অথবা অনলাইনে যান: https://www.mass.gov/service-details/low-income-home-energy-assistance-program-liheap

## খাদ্যের প্রয়োজন?

- আপনার নিকটবর্তী খাদ্যের সংস্থানগুলি সম্পর্কে জানার জন্য প্রোজেক্ট ব্রেড ফুডসোর্স হটলাইন-এর **1-800-645-8333** অথবা TTY (শ্রবণজনিত প্রতিবন্ধী) **1-800-377-1292** নম্বরগুলিতে ফোন করুন। তারা আপনাকে SNAP/ফুড স্ট্যাম্প-এ আবেদনের জন্যও সাহায্য করতে পারবেন।
- আপনি যদি গর্ভবতী হন, বা পাঁচ বছরের কম বাচ্চা হন তবে আপনি WIC থেকে খাদ্য সহায়তা পেতে সক্ষম হবেন, **617-575-5330** নম্বরে কল করুন

## পরিবহন চাই?

বিনাব্যয়ে বা কম খরচে পরিবহনের জন্য কল করুন:
- আপনার PRC-কে বা পরিচর্যা প্রদানকারীকে MassHealth পরিবহন কর্মসূচি-তে পাঠানোর (রেফার করার) জন্য বলুন।
- CHA মেডিক্যাল অ্যাকসেস: **617-522-3159** নম্বরে, আপনার সাক্ষাতের বেশ কয়েকদিন আগেই কল করুন।
- MBTA দ্য রাইড: প্রথমবার ব্যবহারকারীদের অবশ্যই যোগ্যতা নির্ণয় কেন্দ্রে কল করতে হবে: **617-337-2727**। বিদ্যমান ব্যবহারকারীরা তাদের দ্য রাইড সার্ভিসেস পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করতে পারেন।
- আপনি যদি বয়স্ক/অক্ষম ব্যক্তি হন, তাহলে আপনি একটি কম ভাড়ার MBTA ট্রান্সপোর্টেশন অ্যাকসেস (TAP) পাস-এর জন্য আবেদন করতে পারেন। আবেদনের জন্য আপনার PRC-র সঙ্গে কথা বলুন।

## প্রেসক্রিপশন করে দেওয়া ওষুধ-বিষুধ কিনতে সহায়তা প্রয়োজন?

আপনি যদি আপনার প্রেসক্রিপশন করে দেওয়া ওষুধগুলি কিনতে অপারগ হন, তাহলে সে ব্যাপারে আপনার চিকিৎসা পরিষেবা প্রদানকারীকে জানান এবং CHA-এর ফার্মেসি ব্যবহারের কথা ভাবুন।

## বাসস্থান চাই?

আপনার পরিবারে যদি কোন আশ্রিত শিশু(রা) থাকে:
- কল করুন কেমব্রিজের বহুমুখী পরিষেবা প্রদান কেন্দ্রে: **617-349-6340**।
- আপনি যদি একজন একক প্রাপ্তবয়স্ক ব্যক্তি হন: তাহলে বাসস্থান ও জনসমাজ উন্নয়ন বিভাগ (DHCD)-এর **866-584-0653** কল করুন এবং একজন বাসস্থান সমন্বয়কারীর সঙ্গে কথা বলতে চান। তারা আপনাকে আপনার নিকটবর্তী DHCD-এ পাঠাতে (রেফার করতে) পারেন, যেখানে একটি আশ্রয় পরিষেবা বা জরুরি সহায়তার জন্য আবেদন করতে পারেন। তার যদি প্রত্যাখ্যান করে, তাহলে আপনি আপীলের জন্য একটি লিখিত বিজ্ঞপ্তি প্রাপ্ত করতে পারেন এবং যোগাযোগ করতে পারেন, গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস: **800-323-3205**।

আপনি যদি একজন যুবক/যুবতী হন বা একজন প্রাপ্তবয়স্ক তরুণ/তরুণী হন:
- বয়স 17 -24: কল করুন ব্রিজ ওভার ট্রাবলড ওয়াটার্স রানঅ্যাওয়ে অ্যান্ড হোমলেস ইউথ-এর **617-423-9575** নম্বরে।
- বয়স 18-24: কল করুন Y2Y কেমব্রিজ-এর 617-864-0795 নম্বরে, যা হার্ভার্ড স্কোয়্যারে স্থিত (15ই অক্টোবর-15ই এপ্রিল অবধি খোলা)।

আপনি যদি একজন প্রাপ্তবয়স্ক একক ব্যক্তি হন যিনি গৃহহীনতা ও মানসিক স্বাস্থ্যের এবং/অথবা মাদক ব্যবহারজনিত সমস্যা(সমূহ) অনুভব করছেন:
- **781-734-2071** নম্বরে এলিয়টের PATH (প্রোজেক্ট ফর অ্যাসিস্ট্যান্স ইন ট্রানজিশন ফ্রম হোমলেসনেস) কর্মসূচির সঙ্গে যোগাযোগ করুন।

## বাসস্থান বজায় রাখতে চান?

আপনি কি গৃহহীন হওয়া, ভাড়া মেটানো বা উচ্ছেদ হওয়ার ব্যাপারে উদ্বিগ্ন? আপনি কি কোন দুর্ব্যবহারকারীর সঙ্গে সম্পর্কে লিপ্ত? আপনার পারিবারিক আয়ে কি কোন পরিবর্তন এসেছে (স্বামী/স্ত্রীর মৃত্যু বা কাজ হারানোর কারণে)?

- উচ্ছেদের ক্ষেত্রে বিনাব্যয়ে আইনি সহয়াতার জন্য, কল করুন গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস: **800-323-3205**।
- বাসস্থান ও আপৎকালীন সহায়তা সংক্রান্ত সাহায্যের জন্য (আপনার ভাড়া মেটাতে সাহায্যের জন্য অর্থ পেতে) কল করুন মেট্রো বোস্টন হাউজিং-এর **617-425-6700** নম্বরে।
- আপনি যদি পারিবারিক হিংসার শিকার হন, তাহলে আশ্রয় পাবার জন্য কল করুন SAFELINK-এর **877-785-2020** নম্বরে।

## বাড়িতে হিংসা

আপনি যদি পারিবারিক হিংসার শিকার হন এবং আশ্রয় ও সহায়তা পরিষেবাগুলি খুঁজে নেবার জন্য আপনার সাহায্যের দরকার হয়:

- তাহলে **SafeLink**-এর **877-785-2020** নম্বরে কল করুন।

## রোজগারের সহায়তা চাই?

- কল করুন মাসহায়ার ডিপার্টমেন্ট অব কেরিয়ার সার্ভিসেস-এর **617-626-5300** নম্বরে।
- আপনার অঞ্চলের অন্যান্য সাহায্যমূলক পরিষেবাগুলির জন্য 211 ডায়াল করুন।